

## ■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮২৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূর্য ও চন্দ্র গ্রহণের সময় সালাত আদায় করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِالصَّلَاةِ عِنْدَ رُؤْيَا كُسُوفِ الشَّمْسِ أَوِ الْقَمَرِ

আরবী

2823 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلَيِّ بْنِ الْمُتْنَى قَالَ: حَدَّثَنَا هُدَبَةُ بْنُ خَالِدٍ الْقَيْسِيُّ قَالَ: حَدَّثَنَا مُبَارَكُ بْنُ فَضَالَةَ عَنِ الْحَسَنِ عَنْ أَبِي بَكْرَةَ قَالَ: كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جُلُوسًا فَانْكَسَفَتِ الشَّمْسُ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَزِعًا يَجْرِي  
ثَوْيَهُ حَتَّى دَخَلَ الْمَسْجِدِ فَصَلَّى رَكْعَتَيْنِ فَلَمْ يَزُلْ يُصَلِّيهَا حَتَّى انْجَلَتْ وَكَانَ ذَلِكَ عِنْدَ  
مَوْتِ إِبْرَاهِيمَ ابْنِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّاسُ: إِنَّمَا انْكَسَفَتِ الشَّمْسُ  
لِمَوْتِ إِبْرَاهِيمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّ الشَّمْسَ  
وَالْقَمَرَ آيَاتٌ لِلَّهِ لَا يَنْكَسِفَانِ لِمَوْتٍ أَحَدٍ فَإِذَا رَأَيْتُمْ ذَلِكَ فَادْعُوا حَتَّى يَكْشِفَ  
مَا بِكُمْ)

الراوي : أبو بكره | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2823 | خلاصة حكم المحدث: صحيح - ((جزء صلاة الكسوف)):

খ.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (فَادْعُوا) أَرَادَ بِهِ: (فَصَلُّوا) إِذْ الْعَرَبُ تُسَمَّى  
الصَّلَاةَ دُعَاءً.

বাংলা

২৮২৩. আবু বাকরাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি  
ওয়াসাল্লামের কাছে বসে ছিলাম। অতঃপর সূর্য গ্রহণ লাগে। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভীত-  
সন্ত্র অবস্থায় নিজের কাপড় টানতে টানতে দাঁড়ান অতঃপর মাসজিদে প্রবেশ করেন এবং দুই রাকা’আত সালাত

আদায় করেন। তারপর তিনি সূর্য গ্রহণ ছেড়ে স্পষ্ট না হওয়া পর্যন্ত সালাত অব্যাহত রাখেন। এটা ছিল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ছেলে ইবরাহিম রাদিয়াল্লাহু আনহু মৃত্যুবরণ করার দিন। ফলে লোকজন বলতে থাকে, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ছেলে ইবরাহিম মৃত্যুবরণ করার কারণে সূর্য গ্রহণ লেগেছে।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “নিশ্চয়ই সূর্য ও চন্দ্র আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দুটি নিদর্শন। এগুলো কারো মৃত্যুবরণ করার কারণে গ্রহণ লাগে না। কাজেই যখন তোমরা এরকম কিছু দেখবে, তখন তোমরা তোমাদের কাছে যা আরোপিত হয়েছে, তা উন্মোচিত না হওয়া পর্যন্ত দু'আ করবে।”[1]

আবু হাতিম ইবনু হিব্রান রহিমাহল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য ‘তোমরা দু'আ করো’ এর দ্বারা উদ্দেশ্য হলো তোমরা সালাত আদায় করো। কারণ আরবরা সালাতকে দু'আ হিসেবে অভিহিত করে থাকে।”

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৮৬-১৮৭; মুসনাদ আহমাদ: ১/১৯৮; সহীহল বুখারী: ১০৫২; সহীহ মুসলিম: ৯০৭; নাসাঈ: ৩/১৪৬-১৪৮; বাগাবী: ১১৪০; আবু দাউদ: ১১৮৯; দারেমী: ১/৩৬০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৭৫)

হাদিসের মান: **সহীহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92153>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন